

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭০৪

১/ বিবিধ

আরবী

أهل الجنة جرد إلا موسى بن عمران، فإن له لحية إلى سرتة ".
باطل

رواه العقيلي في " الضعفاء " (185) وابن عدي (1 / 198) والرازي في " فوائده " (6 / 111) عن شيخ بن أبي خالد البصري: حدثنا حماد بن سلمة عن عمرو بن دينار عن جابر مرفوعا
وقال العقيلي: " منكر ليس له
أصل إلا من حديث هذا الشيخ ". وقال ابن عدي بعد أن ساق له أحاديث أخرى: " وهذه بواطيل كلها ". قلت: وهو متهم بالوضع، وقد ذكر له الذهبي أباطيل هذا أحدها، والثاني سبق قبله بحديث. وهذا الحديث أورده ابن الجوزي في " الموضوعات " من رواية ابن عدي عن شيخ به. وقال (3 / 258): " قال ابن حبان: موضوع، شيخ بن أبي خالد كان يروي عن الثقات المعضلات لا يحتج به بحال ". وأقره السيوطي في " اللآئى " (2 / 456)

বাংলা

৭০৪। মুসা ইবনু ইমরান ব্যতীত জান্নাতীরা পশমহীন হবে। তার দাড়ি তার নাভি পর্যন্ত দীর্ঘ হবে।

হাদিছটি বাতিল।

এটি উকায়লী "আয-যোয়াফা" (১৮৫) গ্রন্থে, ইবনু আদী (১/১৯৮) এবং তাম্মাম আর-রাযী তার "আল-ফাওয়ায়েদ"

(৬/১১১/১) গ্রন্থে শাইখ ইবনু আবী হতে ... বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ হাদীছটি মুনকার। এই শাইখের হাদীছ ছাড়া এটির কোন ভিত্তি নেই।

ইবনু আদী তার কতিপয় হাদীছ উল্লেখ করে বলেছেনঃ এ সবগুলোই বাতিল।

আমি (আলবানী) বলছিঃ তিনি জাল করার দোষে দোষী। হাফিয় যাহাবী তার বাতিল হাদীছগুলো উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। তার আরেকটি হাদীছ (নং ৭০২) সম্পর্কে পূর্বে আলোচনা করা হয়েছে। এ হাদীছটিকে ইবনুল জাওয়ী “আল-মাওয়ু‘আত” গ্রন্থে ইবনু আদীর বর্ণনায় শাইখ হতে উল্লেখ করে (৩/২৫৮) বলেছেনঃ ইবনু হিব্বান বলেনঃ এ হাদীছটি বানোয়াট। শাইখ ইবনু আবী খালেদ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মু‘যাল হাদীছ বর্ণনা করতেন। তার দ্বারা কোন অবস্থাতেই দলীল গ্রহণ করা যায় না। সুযুতী “আল-লাআলী” (২/৪৫৬) গ্রন্থে তা সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71583>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন